



COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY  
B.A. Honours 3rd Semester Examinations, 2023

BENGALI

প্রাচীন ভারতীয় কাব্যতত্ত্ব, ছন্দ ও অলঙ্কার

CORE-6

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

পাঠ্য সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।

- ১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: ১×১০ = ১০
- (ক) আলঙ্কারিকেরা কাব্যের শরীর বলতে মূলত কাকে বুঝিয়েছেন ?
- (খ) 'কাব্যং গ্রাহমলঙ্কারাৎ'-এর প্রবক্তা কে ?
- (গ) কাব্যে বাচ্যাতিরিক্ত ধর্মান্তরের অভিব্যক্তনাকে আলঙ্কারিকেরা কী নামে অভিহিত করেছেন ?
- (ঘ) দরদী লোকের সুকাব্য-জনিত চিন্তের অনুভূতি বিশেষের নাম কি ?
- (ঙ) মানুষের জ্ঞানের উৎপত্তি বিশ্লেষণ করে কান্ট যে দু'রকমের উপাদানের কথা বলেছেন তা উল্লেখ করো।
- (চ) কোন্ ছন্দকে লৌকিক ছন্দ বলা হয় ?
- (ছ) 'ব্যাজস্তুতি' কথার অর্থ কী ?
- (জ) 'পর্ব' কত প্রকার ও কি কি ?
- (ঝ) 'মাত্রা' কাকে বলে ?
- (ঞ) 'অক্ষর' কত প্রকার ও কি কি ?
- (ট) সমাসোক্তি অলঙ্কারের একটি দৃষ্টান্ত দাও।
- (ঠ) "আসল কথাটা চাপা দিতে ভাই কাব্যের জাল বুনি।" - এই পংক্তিতে কোন অলঙ্কার হয়েছে ?
- (ড) কোন্ ছন্দে অক্ষর-সংখ্যা ও মাত্রা-সংখ্যা সমান হয় ?
- (ঢ) চরণ ও পংক্তির একটি পার্থক্য লেখো।
- (ণ) 'অশান্ত আকাঙ্ক্ষা পাখি মরিতেছে মাথা খুঁড়ে পঞ্জর পিঞ্জরে।' - এটি কোন্ অলঙ্কারের দৃষ্টান্ত ?

- ২। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫×১ = ৫
- (ক) ছন্দোলিপি প্রস্তুত করো:

আদেশ করেন যাহা মোর গুরুজনে,  
আমি যেন সেই কাজ করি ভাল মনে।

অথবা

ভীষণ রেগে বিষম খেয়ে দিলেন লিখে খাতায়,  
কাউকে বেশি লাই দিতে নেই সবাই চড়ে মাথায়।

(খ) অলঙ্কার নির্ণয় করো:

সোনার হাতে সোনার কাঁকন, কে, কার অলঙ্কার ?

অথবা

থির বিজুরি নবীনা গৌরী পেখনু ঘাটের কূলে।

(গ) ঢীকা লেখো: যে-কোনো (একটি)

৫×১ = ৫

(অ) আনন্দবর্ধন

(আ) আলম্বন বিভাব

৩। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

১০×১ = ১০

(ক) কাব্যের আত্মা হচ্ছে তার বাচ্য নয়, 'ব্যঞ্জনা', কথা নয়, 'ধ্বনি' — আলোচনা করো।

(খ) ছন্দের শোষণ শক্তি বলতে কি বোঝায় ? দৃষ্টান্ত সহযোগে বুঝিয়ে দাও।

(গ) উপমা অলঙ্কার কাকে বলে ? উপমা অলঙ্কার প্রধানত কত প্রকার ও কি কি ? দৃষ্টান্ত সহযোগে প্রত্যেক প্রকার উপমা অলঙ্কারের পরিচয় দাও।

৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

১৫×১ = ১৫

(ক) “রসের মানসিক উপাদান যে ‘ভাব’, তা দুঃখময় হলেও তার পরিণাম যে ‘রস’ তা নিত্য আনন্দের হেতু” — আলোচনা করো।

(খ) মুক্তক ছন্দ কাকে বলে ? গদ্য ছন্দের সঙ্গে মুক্তক ছন্দের প্রধান পার্থক্য কি ? দৃষ্টান্ত সহযোগে মুক্তক ছন্দের বৈশিষ্ট্য উল্লেখ করো।

(গ) শব্দালঙ্কার কাকে বলে ? এই অলঙ্কারের বিভিন্ন ভাগগুলি উপযুক্ত উদাহরণ সহযোগে আলোচনা করো।

—x—